



তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি (পেট্রোবাংলার একটি কোম্পানি) কলসেন্টার-১৬৪৯৬

Smart Metering Energy Efficiency Improvement Project [Installation of Prepaid Gas Meter for TGTDCCL]

স্মার্ট প্রিপেইড গ্যাস মিটার স্থাপন সংক্রান্ত “জনসচেতনতামূলক বিজ্ঞপ্তি”


এতদ্বারা তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি এর আবাসিক শ্রেণির সম্মানিত সকল গ্রাহকের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গ্রাহক পর্যায়ে প্রিপেইড গ্যাস মিটারের ব্যাপক জনপ্রিয়তা ও চাহিদার প্রেক্ষিতে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি), গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও তিতাস গ্যাসের নিজস্ব অর্থায়নে “Smart Metering Energy Efficiency Improvement Project [Installation of Prepaid Gas Meter for TGTDCCL]” শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি এর সার্বিক তত্ত্বাবধানে মেট্রো ঢাকা বিপণন ডিভিশন-দক্ষিণ (ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, কেরানীগঞ্জ) এবং আঞ্চলিক বিপণন ডিভিশন-নারায়ণগঞ্জ (নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, নারায়ণগঞ্জ সদর, আড়াইহাজার, বন্দর, সোনারগাঁও, নরসিংদী সদর, পলাশ, শিবপুর, মনোহরদি, মুন্সিগঞ্জ সদর, সিরাজদিখান, টঙ্গিবাড়ি, গজারিয়া ও কিশোরগঞ্জ-ভৈরব) এর আওতাধীন এলাকাসমূহে বিদ্যমান আবাসিক গ্রাহকদের অনুমোদিত চুলা/গ্যাস সংযোগে ৬,৫০,০০০ (ছয় লক্ষ পঞ্চাশ হাজার) স্মার্ট প্রিপেইড গ্যাস মিটার স্থাপনের কাজ শীঘ্রই শুরু করা হবে।

স্মার্ট প্রিপেইড গ্যাস মিটারের উল্লেখযোগ্য সুবিধাদি:

- এটি অত্যাধুনিক প্রিপেইড গ্যাস মিটারিং ব্যবস্থা। এর মাধ্যমে প্রকৃত ব্যবহার অনুযায়ী গ্যাসের বিল প্রদানের সুযোগ থাকায় গ্রাহকের অর্থ সাশ্রয়ের পাশাপাশি দেশের মূল্যবান সম্পদ প্রাকৃতিক গ্যাসের যথাযথ ব্যবহার নিশ্চিত হবে;
- মোবাইল অ্যাপ/ওয়েবসাইট থেকে অনলাইনে মিটার রিচার্জ করা যাবে এবং গ্রাহকের গ্যাস ব্যবহার ও মজুদ সংক্রান্ত তথ্যাদি জানা যাবে;
- গ্যাস ফুরিয়ে গেলে ইমারজেন্সি ব্যালেন্স চালুর সুবিধা থাকায় গ্রাহকের গ্যাস সরবরাহ নিরবিচ্ছিন্ন থাকবে;
- স্মার্ট প্রিপেইড গ্যাস মিটার স্থাপনের জন্য গ্রাহককে এককালীন কোন অর্থ প্রদান করতে হবে না। মিটার ভাড়া হিসেবে গ্রাহকের নিকট হতে রিচার্জের সময় প্রতি মাসে ভাড়া আদায় করা হবে। তবে স্মার্ট প্রিপেইড গ্যাস মিটার স্থাপনকালীন গ্রাহকের অভ্যন্তরীণ গ্যাস লাইনের কোন চাৰি/ভালু/সরঞ্জাম পরিবর্তনের প্রয়োজন হলে তা গ্রাহককে সরবরাহ করতে হবে এবং বাড়ির অভ্যন্তরীণ গ্যাস লাইনের কোন প্রকার পরিবর্তন/পরিবর্ধন/রক্ষণাবেক্ষণ কিংবা পৃথকীকরণের প্রয়োজন হলে তা তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি’র তালিকাভুক্ত ১.১ বা তদুর্ধ্ব শ্রেণীর ঠিকাদারের মাধ্যমে গ্রাহক ব্যয়ে সম্পাদন করতে হবে (ঠিকাদারের তালিকা কোম্পানির ওয়েবসাইট www.titasgas.gov.bd তে পাওয়া যাবে)।

উক্ত স্মার্ট প্রিপেইড গ্যাস মিটার স্থাপন কাজের আওতায় প্রকল্পের নিয়োগকৃত পরামর্শক প্রতিষ্ঠান এর প্রতিনিধি/প্রতিনিধিগণ কর্তৃক ২৩ আগস্ট’২০২৫ হতে ৩০ অক্টোবর’২০২৫ পর্যন্ত প্রকল্প এলাকার গ্রাহক আঙ্গিনা পরিদর্শনপূর্বক নমুনা জরীপ কার্য সম্পাদন করা হবে। উক্ত জরীপকালীন সময়ে পরামর্শক প্রতিষ্ঠানের পরিচয়পত্রধারী প্রতিনিধি/প্রতিনিধিগণকে গ্যাস বিল বই প্রদর্শন, গ্যাস স্থাপনাসমূহ (চুলা) পরিদর্শনে সহযোগিতাকরণসহ সার্বিক তথ্য প্রদানের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

এ বিষয়ে অসাধু ব্যক্তি/চক্রের সাথে কোন প্রকার আর্থিক লেনদেন করে প্রতারণা না হওয়ার বিষয়ে সম্মানিত গ্রাহকদের সচেতন থাকার পাশাপাশি যে কোন প্রয়োজনে তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি এর হটলাইন নম্বর: ১৬৪৯৬ অথবা সংশ্লিষ্ট জোন অফিসে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।


২০২৫
প্রকৌ. মো. সাজ্জাদ হোসেন
প্রকল্প পরিচালক